রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই ফাল্গুন ১৪০৯/২৬শে ফেব্রুয়ারি ২০০৩

এস, আর, ও নং ৫৮-আইন/২০০৩।— যেহেতু Explosives Act, 1884 (VI of 1884) এর section 5, section 7 এবং section 9(4) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর অধিকতর সংশোধন করিবার নিমিত্ত প্রস্তাবিত সংশোধনীসমূহ উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ১১ সেপ্টেম্বর, ২০০২ ইংরেজী তারিখের গেজেটে প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৪৯-আইন/২০০২ এর মাধ্যমে প্রাক-প্রকাশ করিয়াছিল ;এবং

যেহেতু উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে কোনরূপ আপত্তি বা পরামর্শ পাওয়া যায় নাই ;

সেহেতু উক্ত Act এর section 5, section 7 এবং section 9(4) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর—

(ক) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(১ক) প্রধান পরিদর্শক তৎকর্তৃক অনুমোদিতব্য সিলিন্ডারের ধরণ এবং স্বীকৃত স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশনের তালিকা সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা জানাইয়া দিবেন।";

(খ) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (৪) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৪) সিলিন্ডার বা ভাল্‌ভ বা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রাংশ নির্মাণের অনুমতি লাভের জন্য নিম্নোক্ত ফি প্রদান করিতে হইবে, যথা ঃ—

(ক) সিলিন্ডার নির্মাণের জন্য ১০,০০০ টাকা ; এবং

(খ) ভাল্‌ভ নির্মাণের জন্য ১,০০০ টাকা ।";

(২) বিধি ১৯ এর পর নিম্নরূপ নতুন বিধি ১৯ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"১৯ক। **নন-স্ট্যান্ডার্ড সিলিন্ডারে গ্যাস ভর্তিকরণে বিধি-নিষেধ।**— প্রধান পরিদর্শকের অনুমতি ব্যতিরেকে কোন ব্যক্তি এমন কোন নন-স্ট্যান্ডার্ড সিলিন্ডারে গ্যাস ভর্তি করিবেন না, যাহা—

(ক) বিধি ৪ অনুসারে প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত নহে ; বা

(খ) বিধি ১০ অনুসারে সনাক্তকরণ রং এ রঞ্জিত নহে ; বা

(গ) অন্য কোন গ্যাস দ্বারা ভর্তি করা হইয়াছিল ; বা

(ঘ) পূর্বে অপর কোন ব্যক্তি কর্তৃক পূরণ করা হইয়াছিল ।";

(৩) বিধি ২১ এ "বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন নং ২২৯ এবং ৫২২৪" শব্দগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে "বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন নং ৪৬৮৩ এবং ৫৫০১" শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৪) বিধি ৩৩ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (৩) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৩) সিলিন্ডার পরীক্ষণ কেন্দ্রের অনুমোদন লাভের জন্য ৫০০০ টাকা ফি প্রদান করিতে হইবে ।";

(৫) বিধি ৩৪ এর উপ-বিধি (৭) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৭) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৭) উদিস্থিতি প্রসারণ পরীক্ষণের ক্ষেত্রে, পরীক্ষা চাপ প্রয়োগের ফলে সিলিন্ডারের স্থায়ী প্রসারণ, পরীক্ষাকালীন সংঘটিত মোট প্রসারণের ৫% এর বেশী হইবে না ।";

(৬) বিধি ৩৫ এর উপ-বিধি (১) এর "বিধি ৩৩" শব্দ ও সংখ্যাটির পরিবর্তে "বিধি ৩৪" শব্দ ও সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে ;

(৭) বিধি ৩৭ এর উপ-বিধি (১) এর দফা (চ) তে "১৫০° সেঃ" সংখ্যা, চিহ্ন ও বর্ণটির পরিবর্তে " ১৫ ডিগ্রী সেলসিয়াস" সংখ্যা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৮) বিধি ৪০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪০ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৪০।—**লাইসেন্সকৃত প্রাঙ্গণে লাইসেন্স, ইত্যাদি প্রদর্শনের ব্যবস্থা।**— (১) সিলিন্ডারে গ্যাস ভর্তি করিবার জন্য বা গ্যাসপূর্ণ সিলিন্ডার অধিকারে রাখিবার জন্য লাইসেন্সকৃত প্রাঙ্গণের সহজে দৃশ্যমান হয় এমন স্থানে—

(ক) সংশ্লিষ্ট লাইসেন্স নম্বর, লাইসেন্সের শর্তাবলী এবং বিধি ১৫ হইতে ২৬ এর বিধানাবলীর অনুলিপি লটকাইয়া রাখিতে হইবে ;

(খ) বাণিজ্যিক লাইসেন্সের ক্ষেত্রে লাইসেন্সধারীর নাম ও ঠিকানা, লাইসেন্স নম্বর সম্বলিত সাইন বোর্ড সংশ্লিষ্ট ব্যক্তিগণের জ্ঞাতার্থে সর্বদা ঝুলাইয়া রাখিতে হইবে ; এবং

(গ) "ধুমপান বা আগুন নিষিদ্ধ" বিষয়ক সতর্কতামূলক বিজ্ঞপ্তি মজুদাগারের ভিতরে ও বাহিরে লিপিবদ্ধ করিতে হইবে যাহার প্রতিটি অক্ষরের ক্ষেত্রফল হইবে অন্যূন ২৫ বর্গসেন্টিমিটার।

(২) সিলিন্ডারে গ্যাস ভর্তির সময় প্রত্যেকটি প্রাঙ্গণে নিম্নোক্ত সরঞ্জামাদি ও বইপত্র রাখিতে হইবে, যথা ঃ—

(ক) সিলিন্ডারে যেইরূপ গ্যাস ভর্তি করা হয় সেইরূপ গ্যাস সার্ভিসের সিলিন্ডার সংক্রান্ত স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বা কোড এবং অত্র বিধিমালার একটি করিয়া অনুলিপি ;

(খ) সিলিন্ডারের ভাল্‌ভ সংক্রান্ত বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বি এস ৩৪১ ;

(গ) সিলিন্ডারের রং সংক্রান্ত বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বি এস ৩৪৯ ;

(ঘ) তরলযোগ্য বা স্থায়ী গ্যাস ভর্তির পূরণ অনুপাত সংক্রান্ত বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বি এস ৫৩৫৫ ;

(ঙ) অগ্নি নিরাপত্তামূলক বিভিন্ন চিহ্ন সংক্রান্ত বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বি এস ৫৪৯৯ ;

(চ) সিলিন্ডারের অভ্যন্তর ভাগ পর্যবেক্ষণের জন্য লো ভোল্টেজ বাতি ;

(ছ) ওজন নেওয়ার সরঞ্জাম ; এবং

(জ) সিলিন্ডার নাড়াচাড়া বা হ্যান্ডলিং করিবার পর্যাপ্ত সরঞ্জাম।";

(৯) বিধি ৪৭ এর উপ-বিধি (২) এর দফা (ক) এ "১০০ টাকা" সংখ্যা ও শব্দের পরিবর্তে "৩০০ টাকা" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে ;

(১০) বিধি ৪৮ এর উপ-বিধি (১) এর শেষ প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ক্ষমতা অর্পণ করিলে কোন বিস্ফোরক পরিদর্শক ঙ ফরম লাইসেন্স নবায়ন করিতে পারিবেন।";

(১১) বিধি ৫২ এ "৫০ (পঞ্চাশ) টাকা" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "১০০ (একশত) টাকা" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(১২) বিধি ৬০ এর পর দ্বাদশ পরিচ্ছেদে "বিবিধ" শিরোনামাধীনে নিম্নরূপ নতুন বিধি ৬০ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"৬০ক। **গ্যাস সিলিন্ডারের নিরাপত্তার জন্য নির্দেশ প্রদানের ক্ষমতা।**— প্রধান পরিদর্শক, প্রয়োজন মনে করিলে, কোন সিলিন্ডারের নির্মাণ কারখানা, গ্যাস সিলিন্ডার পরিবাহী যান বা গ্যাসপূর্ণ সিলিন্ডার মজুদ প্রাঙ্গণ বা বিশেষ কোন গ্যাস সিলিন্ডারের নিরাপত্তার জন্য সংশ্লিষ্ট কারখানা, যান, মজুদ প্রাঙ্গণ বা সিলিন্ডারের মালিক বা লাইসেন্সধারী বা অনুমোদন বা অনুমতি প্রাপ্ত ব্যক্তিকে অনূর্ধ ১৫ দিনের মধ্যে বিশেষ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(১৩) তফসিল ১ এর—

(ক) খ ফরম এর—

(অ) ক্রমিক নং ৩(২) এ "ধরণ ও ধারণক্ষমতা" শব্দগুলির পরিবর্তে "রং, নম্বর, ধরণ ও জল ধারণক্ষমতা" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(আ) ক্রমিক নং ৩(৩) এ "প্রস্তুতকারীর নাম" শব্দগুলির পর ", নির্দেশক চিহ্ন বা সংক্ষিপ্ত নাম" কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(ই) ক্রমিক নং ৩(৪) এ "নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম" শব্দগুলির পর ", নির্দেশক চিহ্ন বা সংক্ষিপ্ত নাম" কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(খ) গ ফরম এর ক্রমিক নং ৩ এর দফা "(ভি)" বিলুপ্ত হইবে ;

(গ) ঙ ফরম এর ১০ নং শর্তের পর নিম্নরূপ নতুন শর্তসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"১১। প্রতিটি সিলিন্ডারে গ্যাস ভর্তির পূর্বে উহার ভাল্‌ভসহ অন্যান্য সরঞ্জামাদি ও ফিটিংস সতর্কতার সহিত পরীক্ষা করিতে হইবে যাহাতে সংশ্লিষ্ট আইনের বিধানাবলী প্রতিপালন নিশ্চিত হয় এবং গ্যাস ভর্তির জন্য উপযুক্ত বলিয়া গণ্য করিবার পূর্বে সম্পূর্ণ সিলিন্ডার খালি করিতে হইবে।

১২। সিলিন্ডারে গ্যাস ভর্তি সংক্রান্ত কার্যাবলী এমন ব্যক্তির তত্ত্বাবধানে পরিচালিত হইবে যিনি অত্র বিধিমালার বিধানাবলী এবং বিশেষভাবে সিলিন্ডার হইতে সম্ভাব্য বিপদ, গ্যাস ভর্তির বিধানাবলী, পর্যাবৃত্ত পরীক্ষণ ও পরিদর্শনের উদ্দেশ্য ও তদ্‌সংশ্লিষ্ট বিধানাবলী সম্পর্কে সম্যক জ্ঞান রাখেন।

১৩। দাহ্য গ্যাস সিলিন্ডারে ভর্তি এবং সংকোচন করিবার জন্য লাইসেন্সকৃত প্রাঙ্গণে স্থাপিত বৈদ্যুতিক সরঞ্জামাদি যেমন, মোটর, সুইচ, ইত্যাদি বি, এস ৪৬৮৩ অনুসারে অগ্নিনিরোধী হইতে হইবে।

১৪। সিলিন্ডারে গ্যাস ভর্তির সময় লাইসেন্সকৃত প্রাঙ্গণে আগুন বা কৃত্রিম আলো বা দাহ্য গ্যাসে আগুন ধরাইতে সক্ষম এমন কোন বস্তু আনা বা রাখা যাইবে না, তবে প্রয়োজনে অগ্নিনিরোধী টর্চলাইট ব্যবহার করা যাইতে পারে।";

(ঘ) চ ফরম এর ৭নং শর্তের পর নিম্নরূপ নতুন শর্তসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"৮। যতদূর সম্ভব ভিন্ন প্রকৃতির গ্যাস সিলিন্ডার ভিন্ন মজুদাগারে মজুদ করিতে হইবে, তবে নিতান্ত প্রয়োজনে উক্তরূপ সিলিন্ডার একই মজুদাগারে মজুদ করিতে হইলে গ্যাসের প্রকৃতি বিবেচনায় সিলিন্ডারসমূহ একত্রে দলভুক্ত করিয়া মজুদ করিতে হইবে। যেমন—দাহ্য গ্যাসপূর্ণ সিলিন্ডার জারণ ধর্ম-বিশিষ্ট গ্যাসপূর্ণ সিলিন্ডার হইতে অন্যূন এক মিটার দূরত্বে রাখিতে হইবে অথবা উহাদের মধ্যবর্তী স্থানে অগ্নিনিরোধী পার্টিশন দেওয়াল দ্বারা উহাদিগকে পৃথক করিয়া রাখিতে হইবে এবং বিষাক্ত গ্যাসপূর্ণ সিলিন্ডারকে অবিষাক্ত গ্যাসপূর্ণ সিলিন্ডার হইতে যথোপযুক্ত পার্টিশন দেওয়াল দ্বারা পৃথক করিয়া রাখিতে হইবে।

৯। পাতলা পুরুত্ববিশিষ্ট সিলিন্ডার আনুভূমিক অবস্থায় স্তূপ করিয়া রাখা যাইবে না, তবে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসপূর্ণ সিলিন্ডার নিম্নোক্ত পদ্ধতিতে স্তূপ করা যাইতে পারে ঃ

(ক) উলম্বভাবে স্তূপাকারে সিলিন্ডার মজুদ করা হইলে স্তূপ তিন স্তরের অধিক হইবে না ;

(খ) আনুভূমিকভাবে স্তূপাকারে সিলিন্ডার মজুদ করা হইলে গ্যাসপূর্ণ সিলিন্ডারের ক্ষেত্রে স্তূপ পাঁচ স্তরের অধিক এবং খালি সিলিন্ডারের ক্ষেত্রে সাত স্তরের অধিক হইবে না ;

(গ) সিলিন্ডারের স্তূপ যাহাতে নড়াচড়া করিতে না পারে সেই জন্য স্তূপকৃত সিলিন্ডারের পিছনদিকে শক্ত কাঠ ব্যবহার করিতে হইবে ;

(ঘ) মজুদাগারে সহজে প্রবেশ এবং স্বাচ্ছন্দ্যে সিলিন্ডার স্থানান্তর করিবার সুবিধার্থে একক অথবা যুগল সারিবিশিষ্ট এক স্তূপ হইতে অন্য স্তূপ এবং দেওয়ালের মধ্যবর্তী স্থানে অন্যূন ৬০ সেন্টিমিটার প্রশস্থ চলাফেরার পথ রাখিতে হইবে।

১০। গ্যাসের প্রকৃত রাসায়নিক নাম এবং অত্র লাইসেন্স নম্বর স্পষ্টভাবে মজুদাগারের সহজে দৃশ্যমান স্থানে টাঙ্গাইয়া রাখিতে হইবে।

১১। মজুদাগার সর্বদা এমন ব্যক্তির তত্ত্বাবধানে থাকিবে যিনি অত্র লাইসেন্সের শর্তাবলী সম্পর্কে সম্যক ধারণা রাখেন।

১২। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ, প্রয়োজন মনে করিলে, সিলিন্ডার মজুদাগারের নিরাপত্তার জন্য এমন কোন মেরামত বা পরিবর্তন করিবার জন্য যদি লাইসেন্সধারীকে লিখিত নির্দেশ প্রদান করেন, তবে লাইসেন্সধারী উক্ত নোটিশের নির্দিষ্ট মেয়াদ, যাহা নোটিশ প্রাপ্তির তারিখ হইতে এক মাসের কম নহে, এর মধ্যে মজুদাগারের উক্তরূপ মেরামত কার্য সম্পন্ন করিবেন।

১৩। লাইসেন্সকৃত প্রাঙ্গণে অগ্নিকান্ড বা বিস্ফোরণের ফলে কোন ব্যক্তি মারা গেলে বা গুরুতরভাবে আহত হইলে বা কোন সম্পত্তি গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হইলে উক্ত দুর্ঘটনার সংবাদ অবিলম্বে এবং সম্ভাব্য দ্রুততম পন্থায় প্রধান পরিদর্শক, জেলা ম্যাজিস্ট্রেট এবং নিকটতম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে জানাইতে হইবে। প্রধান পরিদর্শকের অনুমতি না পাওয়া পর্যন্ত দুর্ঘটনার তদন্ত করা যাইবে না এবং উক্তরূপ অনুমতি না পাওয়া পর্যন্ত দুর্ঘটনাস্থল এবং ধ্বংসাবশেষ অপরিবর্তিত অবস্থায় রাখিতে হইবে। তবে আহত বা নিহত ব্যক্তিকে দুর্ঘটনাস্থল হইতে সরানো যাইবে এবং যোগাযোগ ব্যবস্থা অব্যাহত রাখিবার জন্য প্রয়োজনীয় কাজ সম্পন্ন করা যাইবে।

১৪। অগ্নিচুল্লি, তাপ বা আলোর কোন উৎস মজুদাগারে এবং শর্ত নং ৫ এ উল্লিখিত নিরাপদ দূরত্বের মধ্যে স্থাপন করা যাইবে না, তবে অগ্নিনিরোধী বৈদ্যুতিক বাতি বা অনুরূপ সরঞ্জামাদি স্থাপন করা যাইতে পারে।

১৫। মজুদ প্রাঙ্গণে কেহ ধুমপান করিতে পারিবে না অথবা দিয়াশলাই, ফিউজ বা অগ্নিস্ফুলিংগ সৃষ্টিকারী কোন যন্ত্র বহন করিতে পারিবে না। সহজে দৃষ্টিগোচর হয় মজুদাগারে এমন কোন স্থানে বাংলা এবং ইংরেজীতে স্পষ্টভাবে "ধুমপান নিষিদ্ধ" বিষয়ক সতর্কিকরণ বিজ্ঞপ্তির বোর্ড ঝুলাইয়া রাখিতে হইবে।";

(১৪) তফসিল ৪ এর ১নং কলামের—

(ক) ক্রমিক নং ১ এর বিপরীতে ৫নং কলামে "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে, যথাক্রমে, "টাকা ৫০০" এবং "টাকা ২৫০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(খ) ক্রমিক নং ২ এর বিপরীতে ৫নং কলামে—

(অ) "ও (উ) এ্যামোনিয়া গ্যাস" বর্ণ, বন্ধনী ও শব্দগুলি বিলুপ্ত হইবে ; এবং

(আ) "টাকা ১০০০" শব্দ ও সংখ্যার পরিবর্তে "টাকা ৫০০০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(গ) ক্রমিক নং ৩ এর বিপরীতে ৫নং কলামের—

(অ) দফা (অ) এর "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ১০০০" এবং "টাকা ৫০০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(আ) দফা (আ) এর "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ৫০০" এবং "টাকা ২৫০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(ই) দফা (ই) এর "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ১০০০" এবং "টাকা ৫০০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(ঈ) দফা (ঈ) এর "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ৫০০" এবং "টাকা ২৫০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(উ) দফা (উ) এর "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ৫০০" এবং "টাকা ২৫০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ; এবং

(ঊ) দফা (ঊ) বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্ম-সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।